



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ



প্রকা/ক্রেবি(শাখা-৫)ক্রমা-বি-৩২৫/২০২১-২০২২/৬৫৫(১২৫০)

তারিখ : ১০-১০-২০২১ খ্রিঃ

স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় ডিসেম্বর-২০২১ পর্যন্ত বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের পত্র নং প্রকা/ক্রেবি(শাখা-৫)/ক্রমা-বি-৩২৫/২০২১-২০২২/৪৩৪(১২৫০) তারিখ ০৯-০৯-২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের পত্র নং এফআইডি/১০২/৩/২০২১-২২৪১ তারিখ ২০-০৯-২০২১ (কপি সংযুক্ত) এর নির্দেশনার আলোকে “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় ডিসেম্বর-২০২১ পর্যন্ত এ বিভাগের ২০-০১-২০২১ তারিখের প্রকা/ক্রেবি(শাখা-৫)/ক্রমা-বি-৩২৫/২০২০-২০২১/১৭৬১(১২৫০) নং পত্র মারফত প্রদত্ত বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ করে দেয়া হলো যা নিম্নরূপ :

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অঞ্চলের নাম	ডিসেম্বর- ২০২১ পর্যন্ত বিতরণের লক্ষ্যমাত্রা	ক্রঃ নং	অঞ্চলের নাম	ডিসেম্বর- ২০২১ পর্যন্ত বিতরণের লক্ষ্যমাত্রা	ক্রঃ নং	অঞ্চলের নাম	ডিসেম্বর- ২০২১ পর্যন্ত বিতরণের লক্ষ্যমাত্রা
০১	০২	০৩	০১	০২	০৩	০১	০২	০৩
১	ঢাকা	৫০.০০	২২	কুমিল্লা	৬০.০০	৪৩	বরিশাল	৭০.০০
২	নারায়নগঞ্জ	৫০.০০	২৩	চাঁদপুর	৪০.০০	৪৪	পিরোজপুর	৩০.০০
৩	গাজীপুর	৪০.০০	২৪	ব্রাহ্মণবাড়ীয়া	৫০.০০	৪৫	পটুয়াখালী	৬০.০০
৪	নরসিংদী	৪০.০০	২৫	নোয়াখালী	৪০.০০	৪৬	ঝালকাঠি	২০.০০
৫	মুন্সীগঞ্জ	৪০.০০	২৬	লক্ষীপুর	৪০.০০	৪৭	ভোলা	১৫.০০
৬	মানিকগঞ্জ	৪০.০০	২৭	ফেনী	৪০.০০	৪৮	বরগুনা	১৫.০০
৭	টাঙ্গাইল (উঃ)	৫০.০০	২৮	লাকসাম	৪০.০০		মোট :	২১০.০০
৮	টাঙ্গাইল (দঃ)	৫০.০০		মোট :	৩১০.০০	৪৯	ফরিদপুর	৫০.০০
	মোট	৩৬০.০০	২৯	সিলেট	৫০.০০	৫০	রাজবাড়ী	৪৫.০০
৯	ময়মনসিংহ (দঃ)	৩০.০০	৩০	মৌলভীবাজার	৫০.০০	৫১	শরিয়তপুর	৪০.০০
১০	ময়মনসিংহ (উঃ)	৩৫.০০	৩১	হবিগঞ্জ	৩৫.০০	৫২	গোপালগঞ্জ	৪৫.০০
১১	জামালপুর	৩০.০০	৩২	সুনামগঞ্জ	৪০.০০	৫৩	মাদারীপুর	৩০.০০
১২	নেত্রকোনা	৫৫.০০		মোটঃ	১৭৫.০০		মোট :	২১০.০০
১৩	কিশোরগঞ্জ	২৫.০০	৩৩	কুষ্টিয়া	৩০.০০	০১	স্থানীয় মুখ্য কার্যালয়	১০.০০
১৪	শেরপুর	১৫.০০	৩৪	ঝিনাইদহ	৩০.০০	০২	কাওরানবাজার কর্পোঃ	১০.০০
	মোট	১৯০.০০	৩৫	মাগুরা	২০.০০	০৩	বনানী কর্পোঃ	১০.০০
১৫	চট্টগ্রাম (পঃ)	৫০.০০	৩৬	চুয়াডাঙ্গা	২০.০০	০৪	নারায়নগঞ্জ কর্পোঃ	১০.০০
১৬	চট্টগ্রাম (পঃ)	৫০.০০	৩৭	মেহেরপুর	১৫.০০	০৫	সিলেট কর্পোঃ	১০.০০
১৭	কক্সবাজার	৩০.০০		মোট :	১১৫.০০	০৬	চট্টগ্রাম কর্পোঃ	১০.০০
১৮	পটিয়া	৩০.০০	৩৮	খুলনা	৩৫.০০	০৭	আশ্রাবাদ কর্পোঃ	১০.০০
১৯	বান্দরবান	২০.০০	৩৯	যশোর	৩৫.০০	০৮	খুলনা কর্পোঃ	১০.০০
২০	রাঙ্গামাটি	২০.০০	৪০	বাগেরহাট	২৫.০০		কর্পোরেট শাখাসমূহ মোটঃ	৮০.০০
২১	খাগড়াছড়ি	২০.০০	৪১	সাতক্ষীরা	২০.০০			
	মোট :	২২০.০০	৪২	নড়াইল	১৫.০০			
				মোট :	১৩০.০০		সর্বমোট :	২০০০.০০

বর্ণিত পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা পত্রজারীর ০৩(তিন) কার্যদিবসের মধ্যে শাখা পর্যায়ে নির্ধারন করে অত্র বিভাগকে অবহিত করতে হবে।
(পরবর্তী পাতা নং-২)


[Signature]

বিষয় : “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় ডিসেম্বর-২০২১ পর্যন্ত বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী দেশের প্রান্তিক জনগোষ্ঠী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের নিকটে এ স্কিমটি প্রচারে আপনাদের সক্রিয় ভূমিকা পালন এবং ডিসেম্বর-২০২১ মাসের মধ্যে বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে উপরোক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পরামর্শ দেয়া হলো। প্রতি মাসের ঋণ বিতরণ বিবরণী বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ছকে ইংরেজিতে এবং এছাড়াও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (সংযোজনী-ক) মোতাবেক প্রতি ত্রৈমাসিকান্তে পরবর্তী মাসের ৭ (সাত) তারিখের মধ্যে অবশ্যই পাঠাতে হবে। ২/৩ মাসের একত্রিত প্রতিবেদন পাঠানো যাবে না কারণ বাংলাদেশ ব্যাংকের কাছে কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়। ঋণ বিতরণ না থাকলেও মাসিক ভিত্তিতে শূন্য প্রতিবেদন পাঠাতে হবে। ব্যর্থতার কারণে কোন জটিলতার সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপককে বহন করতে হবে। মার্চ পর্যায়ের দেশের প্রান্তিক জনগোষ্ঠী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের নিকটে এ স্কিমটি প্রচার এবং লক্ষ্যমাত্রার শতাংশ অর্জনের বিষয়টি সঠিক তদারকি ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়কে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,




(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

প্রক/ক্রবি(শাখা-৫)রুমাবি-৩২৫/২০২১-২০২২/৮৫৭ (১২৫০)

তারিখ : ১০-১০-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :


- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ), মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, এলপিও এবং কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। নথি/মহানথি।


(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

সূত্র নং: এফআইডি/১০২/৩/২০২১-২২৪১

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২১ ইং।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশ কৃষি ব্যাংক লিমিটেড।
প্রধান কার্যালয়
৮৩-৮৪ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

মহোদয়,

“১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী,
স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম”।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ১৫৩ তারিখ: ২৩.০৯.২১
ডিএমডি
জিএম OP
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগ হতে ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারীকৃত এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের মাধ্যমে চলমান কোভিড-১৯ অতিমারির নেতিবাচক প্রভাব হতে ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকাণ্ডকে পুনরুদ্ধার/অব্যাহত রাখা এবং ঋণের ব্যাপ্তি, ঋণসীমা ও তহবিলের পরিমাণ বৃদ্ধি ও ঋণের শর্তাবলী সহজীকরণের মাধ্যমে উক্ত স্কিমকে সমন্বিতযোগ্য করার লক্ষ্যে পূর্বের ২০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম পুনর্গঠন করে ৫০০ কোটি টাকার স্কিম ঘোষণা করা হয়েছে। আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রমকে কাজক্ষিত পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করতে আপনাদের অনুরোধ করা হলো:

- ১) উল্লিখিত সার্কুলারটি আপনাদের সকল শাখায় দ্রুত পৌঁছানো ও শাখাসমূহের তত্ত্বাবধানে দেশের প্রান্তিক জনগোষ্ঠী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের নিকটে এ স্কিমটি প্রচারে আপনাদের সক্রিয় ভূমিকা পালন;
- ২) আর্থিক অন্তর্ভুক্তি প্রসারের লক্ষ্যে স্বনির্ধারিত বাৎসরিক লক্ষ্যমাত্রা (ডিসেম্বর ২০২১ ও জানুয়ারি-ডিসেম্বর ২০২২ পর্যন্ত) পুনঃনির্ধারণপূর্বক আগামী ১৫/১০/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিতকরণ;
- ৩) সার্বক্ষণিক যোগাযোগের জন্য ব্যাংকের প্রধান ফোকাল কর্মকর্তা মনোনয়নসহ সহযোগী হিসাবে অপর দু'জন কর্মকর্তার নাম (পদবী, ইমেইল, ঠিকানা ও মোবাইল নম্বর) আগামী ১৫/১০/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ।

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৬৪৭ তারিখ ২৩/১০/২১
উন্নয়ন, এইচআরএমডি- /ক্রেডিট/বাসিভি/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

(রোকসানা আহমেদ)

উপপরিচালক

ফোন: ০২-৫৫৬৬৫০০১-২০/২২৩৬৭



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোন-০২২২৩৩৮৯৪৯, ই-মেইল dgmppd@krishibank.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

প্রকা/ক্রেবি(শাখা-৫)/রপমাবি-৩২৫/২০২১-২০২২/ ৪৩৪ (৩২৫)

তারিখ : ০৯-০৯-২০২১ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ।
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম”।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্টের ০৫-০৯-২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং ০১/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লিখিত পত্রে আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় জারীকৃত ১৪ মে ২০১৪ তারিখে জিবিসিএসআরডি সার্কুলার নং ০১/২০১৪, ২২ ডিসেম্বর ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ০৩/২০১৪, ৩১ মার্চ ২০১৫ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ০৩/২০১৫, ২০ জানুয়ারি ২০১৬ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং ০১/২০১৬, ০৩ অক্টোবর ২০১৬ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং ০৪/২০১৬ এবং ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং ০১/২০১৭ ও তদসংযুক্ত নীতিমালার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০৩। উক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে প্রাতিষ্ঠানিক আর্থিক সেবাভুক্তির আওতায় নিয়ে আসার লক্ষ্যে ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী ও প্রান্তিক/ ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ২০০ কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয় এবং উক্ত তহবিল সংক্রান্ত নীতিমালা জারি করা হয়।

০৪। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে দেশের প্রান্তিক জনগোষ্ঠির আয়-উৎসারী কর্মকান্ড বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়া, বর্তমানে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ (Second Wave) এর বিরূপ প্রভাবে অর্থনীতির পুনরুদ্ধার কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষিতে আর্থিক সেবাভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধার/অব্যাহত রাখা এবং ঋণের ব্যাপ্তি, ঋণসীমা ও তহবিলের পরিমাণ বৃদ্ধি ও ঋণের শর্তাবলী সহজীকরণের মাধ্যমে এ স্কিমের সম্যোগ্যোগী কার্যকারিতা বৃদ্ধি আবশ্যিক হওয়ায় নিম্নোক্তভাবে স্কিমটি পুনর্গঠন করা হলো:

৪.১) নামকরণ: তহবিলটি “১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম” নামে অভিহিত হবে।

৪.২) তহবিলের উৎস ও পরিমাণ: বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল; টাকা ৫০০(পাঁচশত) কোটি যা নির্ধারিত মেয়াদের মধ্যে আবর্তনশীল।

৪.৩) স্কিমের মেয়াদ: এ স্কিমের মেয়াদ হবে ৫(পাঁচ) বছর। তবে, প্রয়োজনে মেয়াদ বৃদ্ধি করা যাবে।



৪.৪) ঋণের পরিধি :

(ক) আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় এ ক্ষিমের অধীনে ঋণ সুবিধা গ্রহণকারী সকল গ্রাহকই হবে বিদ্যমান ১০/৫০/১০০ টাকার হিসাবধারী। অত্র ক্ষিমের আওতায় ঋণ সুবিধা প্রাপ্তির জন্য নতুন গ্রাহকদের আবশ্যিকভাবে ১০/৫০/১০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) জমাদানপূর্বক ব্যাংক হিসাব খুলতে হবে;

(খ) পাড়া/মহল্লা/গ্রাম ভিত্তিক ক্ষুদ্র/অতিক্ষুদ্র (Small/Micro) উদ্যোক্তা ও পেশাজীবী (যেমন: চর্মকার, স্বর্ণকার, ক্ষৌরকার, কামার, কুমার, জেলে, দর্জি, হকার/ফেরিওয়ালা, রিক্সাচালক/ভ্যানচালক, ইলেক্ট্রিক/ইলেকট্রনিক যন্ত্র মেরামতকারী, ইলেক্ট্রিশিয়ান, কাঠমিস্ত্রি, রাজমিস্ত্রী, রংমিস্ত্রী, গ্রিলমিস্ত্রী, প্লাম্বার, আচার/পিঠা প্রস্তুতকারী, ক্ষুদ্র তাঁতী, পশু চিকিৎসক ইত্যাদি) এবং যে কোন ধরনের আয় উৎসারী কর্মকাণ্ডে জড়িত ব্যক্তি (যেমন: মুদি ও মনোহরী পণ্যেরদোকানী, ভ্রাম্যমান কাপড়ের দোকানী, ফ্লেক্সিলোড সেবা প্রদানকারী/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এজেন্ট, তথ্য সেবা প্রদানকারী/ইন্টারনেট সেবা প্রদানকারী, ভাসমান খাবারের দোকানী, চা-পান বিক্রেতা, বই/পত্রিকা/ম্যাগাজিন বিক্রেতা, ঠোঙা/মোড়ক প্রস্তুতকারী, ফুল/ফল/শাক-সবজি বিক্রেতা, হাঁস/মুরগী/কবুতর/কোয়েল পালনকারী, গরু/ছাগল/ভেড়া ইত্যাদি গবাদিপশু পালনকারী, চিংড়ি/মৎস্য/কাঁকড়া/কুঁচে চাষী, কেঁচো সারসহ যে কোন জৈব সার উৎপাদনকারী, সবজি চাষী, উদ্যোক্তা- নার্সারি/বৃক্ষরোপণ, সূঁচিশিল্প, ব্লক-বাটিক, ক্ষুদ্র/কুটির শিল্প, হস্তশিল্প, কনফেকশনারিসহ অন্যান্য খাবার প্রস্তুতকরণ ও অন্য যে কোন সম্ভাবনাময় উদ্ভাবনী কর্মকাণ্ডে জড়িত ব্যক্তি এবং বিভিন্ন আয় উৎসারী কর্মকাণ্ড পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ভিডিপি সদস্য) এ ঋণ সুবিধার আওতাভুক্ত হিসেবে বিবেচিত হবেন;

(গ) যে কোন দুর্যোগে (প্রাকৃতিক ও মানবসৃষ্ট) ক্ষতিগ্রস্ত (যেমন: নদীভাঙ্গন, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড়, বন্যা, খরা, মঙ্গা, অগ্নিকাণ্ড, ভূমিকম্প, ভবনধ্বস, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) প্রান্তিক/ভূমিহীন কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী, নিম্ন আয়ের পেশাজীবী, এবং চর ও হাওর এলাকায় বসবাসকারী স্বল্প আয়ের জনগোষ্ঠী অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ সুবিধা পাবে;

(ঘ) বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি ও মহিলা উদ্যোক্তাগণ যে কোন ধরনের আয় উৎসারী কর্মকাণ্ডে অগ্রাধিকার ভিত্তিতে এ ঋণ সুবিধা পাবে এবং

(ঙ) স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির পাশাপাশি মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে-

(i) সুবিধাবঞ্চিত ও অসচ্ছল স্কুল ব্যাংকিং হিসাবধারীদের (শিক্ষা জীবন থেকে বারে পড়া শিক্ষার্থীসহ) বৃত্তিমূলক/কারিগরী/তথ্য প্রযুক্তিসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে ব্যাংকসমূহ উক্ত ক্ষিমের আওতায় অভিভাবকের পরিশোধ গ্যারান্টির ভিত্তিতে ঋণসুবিধা প্রদান করতে পারবে;

(ii) ১৮ বছর অতিক্রান্ত হওয়ার পর স্কুল ব্যাংকিং হিসাবধারীদের আয়-উৎসারী কর্মকাণ্ডে এবং প্রশিক্ষণলব্ধ দক্ষতা ভিত্তিক পেশা ও ব্যবসা পরিচালনার জন্য উক্ত ক্ষিমের আওতায় ব্যাংকসমূহ ঋণ বিতরণ করতে পারবে এবং

(iii) স্কুল ব্যাংকিং হিসাব ছিল এমন শিক্ষার্থীদের উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য অভিভাবকের পরিশোধ গ্যারান্টির ভিত্তিতে উক্ত ক্ষিমের আওতায় ব্যাংকসমূহ ঋণ বিতরণ করতে পারবে।

৪.৫) ঋণ প্রাপ্তির অযোগ্যতা :

(ক) খেলাপী ঋণগ্রহীতা এ ক্ষিমের আওতায় ঋণসুবিধা প্রাপ্য হবেন না এবং

(খ) বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংকের সুদ ভর্তুকীর আওতায় অন্য কোন ক্ষিমের অধীন ঋণগ্রহীতার প্রাপ্ত ঋণ অসমন্বিত অবস্থায় থাকলে ঐ ঋণ গ্রহীতা ঋণ সুবিধা প্রাপ্য হবেন না।

৪.৬) গ্রাহক পর্যায়ে ঋণসীমা :

(ক) তফসিলি ব্যাংকসমূহ এ ক্ষিমের আওতায় গ্রাহকের প্রয়োজনীয়তা যাচাই সাপেক্ষে একক গ্রাহককে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করতে পারবে;

(খ) গ্রুপ ঋণের ক্ষেত্রে ২-৫ সদস্যের সমন্বয়ে গঠিত গ্রুপকে সদস্য প্রতি সর্বোচ্চ ৪ লক্ষ টাকা করে গ্রুপ প্রতি সর্বোচ্চ ২০ লক্ষ টাকা ঋণ প্রদান করতে পারবে এবং

(গ) গ্রুপ ঋণ পরিশোধের ক্ষেত্রে গ্রুপের সকল সদস্যই ব্যক্তিগত ও যৌথভাবে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে।

৪.৭) পুনঃ অর্থায়নের সুদ/মুনাফার হার :

অর্থায়নকারী ব্যাংকের অনুকূলে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়নের বার্ষিক সুদ/মুনাফার হার হবে ১%।

৪.৮) গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার :

- (ক) ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৭%;
(খ) গ্রাহকের ঋণ/বিনিয়োগের ক্রম-হ্রাসমান স্থিতির উপর সুদ/মুনাফা আরোপ করতে হবে।

৪.৯) জামানত :

(ক) এ ক্ষিমের আওতায় ঋণ প্রদানের ক্ষেত্রে কোন নিরাপত্তা জামানত নেয়া যাবে না। তবে, প্রত্যেক ঋণ গ্রহীতার ঋণের বিপরীতে ঋণ গ্রহীতাসহ অনধিক দুইজনের ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করা যাবে;

(খ) ৩ (তিন) লক্ষ টাকা ও তদুর্ধ্ব পরিমাণ ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় সম্পূর্ণ ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি ক্ষিমের সুবিধা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে, ব্যাংক নিজস্ব উৎস হতে গ্যারান্টি ফি পরিশোধ করবে।

৪.১০) ঋণের মেয়াদ, গ্রেস পিরিয়ড ও পরিশোধ সূচি :

(ক) ব্যাংক ও গ্রাহক পর্যায়ে উভয় ক্ষেত্রে গ্রেস পিরিয়ড হবে সর্বোচ্চ ৬ মাস। গ্রেস পিরিয়ড ব্যতিরেকে ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ৩ বছর;

(খ) বাংলাদেশ ব্যাংক গ্রেস পিরিয়ড বাদে ত্রৈমাসিক কিস্তিতে ব্যাংকসমূহ হতে সুদ/মুনাফা/সার্ভিস চার্জসহ আসল আদায় করবে এবং

(গ) ব্যাংকসমূহ গ্রেস পিরিয়ড বাদে মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক (প্রযোজ্য ক্ষেত্রে) কিস্তিতে গ্রাহকের নিকট হতে সুদ/মুনাফাসহ আসল আদায় করবে।

৪.১১) সিআইবি রিপোর্ট : খেলাপী ঋণ গ্রহীতার অনুকূলে ঋণ প্রদান না করার বিষয়টি নিশ্চিত করতে সিআইবি রিপোর্ট গ্রহণ করতে হবে। তবে, এ ক্ষিমের আওতায় ৩ (তিন) লক্ষ টাকা পর্যন্ত ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে সিআইবি রিপোর্ট গ্রহণের জন্য কোন চার্জ/ফি প্রযোজ্য হবে না।

৪.১২) ঋণ বিতরণ ব্যবস্থা : উক্ত ক্ষিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংকসমূহ তার নিজস্ব শাখা/উপশাখা/এজেন্ট ব্যাংকিং/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) ব্যবস্থা ব্যবহার করতে পারবে। এক্ষেত্রে, ব্যাংকের এজেন্ট/এমএফএস ঋণ বিতরণ ও আদায়ের ক্ষেত্রে স্ব স্ব ব্যাংক পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সার্ভিস চার্জ প্রাপ্য হবেন। তবে, কোন ক্ষেত্রেই ঋণ/বিনিয়োগের প্রসেসিং ফি বাবদ ১০ জুন ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১১ এর ৩(খ)(১) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার অতিরিক্ত কোন চার্জ/ফি গ্রাহকের নিকট হতে আদায় করা যাবে না।

৪.১৩) শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকিং : শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ উপর্যুক্ত শর্তাবলির ব্যত্যয় না করে স্বীয় অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে উক্ত ক্ষিমের আওতায় গ্রাহককে বিনিয়োগ প্রদান করবে। তবে, আদায়কৃত মুনাফা বার্ষিক ৭% এর বেশি হতে পারবে না।

৪.১৪) মনিটরিং : ব্যাংক কর্তৃক সরাসরি ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে বিতরণ, আদায় ও সদ্যবহার সংক্রান্ত বিষয়াদি সংশ্লিষ্ট ব্যাংক নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবে এবং এতদসংযুক্ত সংযোজনী-ক মোতাবেক প্রতি ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর বিবরণী দাখিল করতে হবে। এছাড়া, ক্ষেত্রবিশেষে দৈবচয়ন ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক যেকোন সময়ে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারবে।

৪.১৫) পুনঃ অর্থায়ন গ্রহণের যোগ্যতা ও আবেদন প্রক্রিয়া :

(ক) আলোচ্য ক্ষিমের আওতায় তফসিলি ব্যাংকসমূহকে মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে। এ চুক্তি মোতাবেক ব্যাংকগুলোকে সুদ/মুনাফাসহ আসল পরিশোধ নিশ্চিত করতে হবে মর্মে তাদেরকে আলাদাভাবে ডিপি নোট (প্রতিশ্রুতি পত্র) সম্পাদন করতে হবে। তবে, ইতিপূর্বে যে সকল ব্যাংকের সাথে অংশগ্রহণমূলক চুক্তি সম্পাদিত হয়েছিল তাদের সাথে নতুন কোন চুক্তির আবশ্যিকতা নেই;

(খ) ব্যাংকসমূহ মাসিক ভিত্তিতে এ ক্ষিমের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের নিকট নির্ধারিত হকে (সংযোজনী-খ) প্রতি মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের পুনঃঅর্থায়নের আবেদন করবে এবং

pu

(গ) পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে সুদ/মুনাফাসহ পুনঃঅর্থায়নের পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব থেকে আদায় করা হবে।

০৫। ইতিপূর্বে জারীকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং ০১/২০১৪, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং ০৩/২০১৪, ও ০৩/২০১৫; এফআইডি সার্কুলার লেটার নং ০১/২০১৬, ০৪/২০১৬ এবং ০১/২০১৭ ও তদসংযুক্ত নীতিমালা এতদ্বারা রহিত করা হলো। এতদসত্ত্বেও রহিতকৃত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের আওতায় গৃহীত সকল কার্যক্রম বৈধ ও যথাযথ হিসেবে বিবেচিত হবে।

০৬। এমতাবস্থায়, কভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে দেশের প্রান্তিক জনগোষ্ঠীর আয় উৎসারী ও অর্থনৈতিক কর্মকাণ্ড চলমান রাখা এবং বর্তমানে কভিড-১৯ এর দ্বিতীয় ঢেউ এর বিরূপ প্রভাবে ক্ষতিগ্রস্ত অর্থনীতি পুনরুদ্ধারের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের ০৫-০৯-২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং ০১/২০২১ অপর পৃষ্ঠায় ছবছ পুনঃমুদ্রণ করা হলো। প্রদত্ত সার্কুলারের নির্দেশনা পরিপালনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি-বর্ণনামতে।



(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ক্রবি(শাখা-৫)/রুমাবি-৩২৫/২০২১-২০২২/ ৪০৪(৩২৫৩)

তারিখ : ০৯-০৯-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১) চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২) স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪) অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫) সকল উপ-মহাব্যবস্থাপক ও সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপ-লোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯) নথি/মহানথি।


(মোঃ পারভেজ কারিম সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

"১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রাথমিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্থল ব্যাহকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃপ্রাথমিক ক্ষম" এর প্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন

বাংলাদেশের নাম:

সময়কাল: মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর, ২০...

১. অনির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা: লক্ষ টাকা।

২. হালনাগাদ তথ্যাদি:

ক্রমিক নং	ঋণ প্রাইতা	চলতি ত্রৈমাসিকে ঋণ বিতরণ				চলতি বছরের শুরু হতে মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর ত্রৈমাসিক পর্যন্ত পুঞ্জিত্ত ঋণ				ক্ষিমের আওতায় রিপোর্টিং ত্রৈমাসিক পর্যন্ত মোট বিতরণকৃত পুঞ্জিত্ত ঋণ				ক্ষিমের আওতায় রিপোর্টিং ত্রৈমাসিক পর্যন্ত ঋণের স্থিতি (গ্রাহক পর্যায়ে)
		পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা		পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা		পরিমাণ (লক্ষ টাকা)	গ্রাহকের সংখ্যা					
			পুরুষ	মহিলা		পুরুষ	মহিলা		পুরুষ	মহিলা		পুরুষ	মহিলা	পরিমাণ (লক্ষ টাকা)
১.	কৃষক													
২	নিম্ন আয়ের পেশাজীবী													
৩	ক্ষুদ্র উদ্যোক্তা (আয় উৎসারী কর্মকাণ্ড)													
৪	ক্ষুল ব্যাংকিং হিসাবধারী (প্রশিক্ষণ)													
৫	ক্ষুল ব্যাংকিং হিসাবধারী (শিক্ষা উপকরণ)													
৬.	ক্ষুল ব্যাংকিং হিসাবধারী (আয়-উৎসারী কর্মকাণ্ড)													
৭.	অন্যান্য													
	সর্বমোট-													

নে গৃহীত পদক্ষেপসমূহ:

৩. লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত পদক্ষেপসমূহ:

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার স্বাক্ষর:

নাম:

পদবী:

মোবাইল:

ই-মেইল:

আর্থিক অঙ্কন সফটওয়্যার ফোকাল কর্মকর্তার স্বাক্ষর:

নাম:

পদবী:

মোবাইল:

ই-মেইল:

অর্থায়নকারী ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন আবেদনের নমুনা

সূত্র: -----

তারিখ:-----

মহাব্যবস্থাপক
ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**“১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রাপ্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং
হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম” হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন।**

শিরোনামোক্ত বিষয়ে ০৫/০৯/২০২১ তারিখে জারীকৃত এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর নির্দেশনা অনুসরণপূর্বক নির্বাচিত গ্রাহকের অনুকূলে --/২০২১ (মাসের নাম) এ মোট ----টি ঋণ/বিনিয়োগের বিপরীতে আমাদের ব্যাংক কর্তৃক মোট----- টাকা অর্থায়ন করা হয়েছে। আলোচ্য অর্থায়ন অনুমোদন এবং ঋণ/বিনিয়োগ বিতরণে সার্কুলারে উল্লিখিত সকল নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উল্লিখিত অর্থায়নের বিপরীতে উক্ত স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য এতদসঙ্গে দাখিল করা হলো। অনুগ্রহপূর্বক অত্র ব্যাংকের অনুকূলে মোট -----টাকা (কথায়-----) পুনঃঅর্থায়ন প্রদান করে বাধিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান

ঠিকানা:-----

ফোন/মোবাইল: -----

ই-মেইল:-----

সংযোজনী:

১। স্কিমের আওতায় প্রদত্ত ঋণ/বিনিয়োগ তথ্য বিবরণী।

২। ডিপি নোট।